হত্যা, গুম ও নারী নির্যাতনের প্রতিবাদে শহরে মানববন্ধন

দেশে অব্যাহত হত্যা-গুম ও নারী
নির্যাতনের প্রতিবাদে খেলাঘরের
ব্যানারে সোমবার দুপুরে পাবনা
প্রেসক্লাবের সামনে এক বিশাল
মানববন্ধন অনুষ্ঠিত হয়।

কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ছাত্রী সোহাগী জাহান তনু, পাবনা কালেক্টর স্কুল এন্ড কলেজের ছাত্র হাবিবুল্লাহ হাসান মিশু এবং এডওয়ার্ড কলেজ ছাত্রী পাপড়ী কুমারীকে নির্যাতন ও হত্যার প্রতিবাদে এ প্রতিবাদ কর্মসূচি পালিত হয়।

মানববন্ধন চলাকালে খেলাঘর জেলা শাখার সভাপতি হাসানুজ্জামানের সভাপতিত্বে বক্তব্যদেন প্রবীণ সাংবাদিক আব্দুল মতীন খান, খেলাঘর কেন্দ্রীয় কমিটির সদস্য এনামুল ইসলাম জিন্না প্রমুখ।

এ সময় বক্তারা সারাদেশের শিশু হত্যা, গুম ও নারী নির্যাতনের সাথে যারা জড়িত তাদের গ্রেফতার ও দৃষ্টান্ত মূলক শাস্তির দাবি জানান।